বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৪৪

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ পুঁজিবাজারের সংস্কারের রোডম্যাপ ও সার্বিক উন্নয়নের জন্য কাজ করেছে বিএসইসি।**

বাংলাদেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন এবং সংস্কার সাধনের জন্য নিরলসভাবে কাজ করে চলেছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। ইতোমধ্যে পুঁজিবাজারের সার্বিক উন্নয়নের লক্ষ্যে সম্ভাব্য সংস্কার সংক্রান্ত বিষয়ে আলোচনার নিমিত্ত গত ২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বর্তমান কমিশন বিএসইসি এর সকল পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা করেছে। পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারের রোডম্যাপ প্রস্তুতে পুঁজিবাজারের সকল অংশীজনদের সাথে বিএসইসি মত বিনিময় সভা করার সিদ্ধান্ত নিয়েছে। এরই ধারাবাহিকতায় আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে পুঁজিবাজারের সার্বিক সংস্কার সংক্রান্ত বিষয়ে বিএসইসি'র সঙ্গে ঢাকা স্টক এক্সেচেঞ্জ পিএলসি (DSE), চট্টগ্রাম স্টক এক্সেচেঞ্জ পিএলসি (CSE), সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL), সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (CCBL), বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (BICM), বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (BASM) ও ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড (CMSF) এর শীর্ষ নির্বাহীদের একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হবে। একইসাথে আগামী ০১ অক্টোবর ২০২৪ তারিখে পুঁজিবাজারে কর্মরত ব্রোকার-ডিলারদের সংগঠন ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশন (ডিবিএ), মার্চেন্ট ব্যাংকারদের সংগঠন বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (বিএমবিএ), অ্যাসোসিয়েশন অব অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিজ অ্যান্ড মিউচ্যুয়াল ফান্ড (এএএমসিএমএফ), অ্যাসোসিয়েশন অব ক্রেডিট রেটিং এজেন্সি অব বাংলাদেশ(এসিআরএবি), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি), ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) ও ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) ইত্যাদি সংগঠন ও প্রতিষ্ঠানসমূহের সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হবে। এছাড়াও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, আইন প্রয়োগকারী সংস্থাসমূহ, সম্পৃক্ত নিয়ন্ত্রক সংস্থাসমূহসহ অন্যান্য সকল পুঁজিবাজার সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ অ্যাসোসিয়েশন, চেম্বার, এজেন্সি এবং বিনিয়োগকারীদের সংগঠনের সাথে পুঁজিবাজারের সার্বিক সংস্কারের বিষয়ে মত বিনিময় সভা করবে বিএসইসি। মত বিনিময় সভার মাধ্যমে বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং সহযোগী সংগঠনসমূহের শীর্ষ প্রতিনিধিবৃন্দের সাথে পুঁজিবাজারের সার্বিক সংস্কারের বিষয়ে বিস্তারিত আলোচনা হবে এবং তাদের মতামত নেয়া হবে। পুঁজিবাজারের অংশীজনদের মতামত এবং তাদের সাথে নিয়েই বাজারের টেকসই উন্নয়ন ও সংস্কার বাস্তবায়ন সম্ভব বলে বিএসইসি মনে করে। সর্বোপরি, সংস্কারের চলমান প্রক্রিয়া অনুসরণ করে দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের মতামত, অংশগ্রহণ ও সহযোগিতায় একটি স্বচ্ছ ও সমৃদ্ধ পুঁজিবাজার গড়ে তুলতে বিএসইসি বদ্ধ পরিকর।

দেশের পুঁজিবাজারের সকল ক্ষেত্রে সুশাসন নিশ্চিত করে বিনিয়োগের জন্য আদর্শ ক্ষেত্র হিসেবে পুঁজিবাজারকে প্রতিষ্ঠিত করতে কমিশন প্রতিজ্ঞাবদ্ধ। বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা এবং তাদের সার্বিক সুরক্ষা নিশ্চিতে কমিশনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। একইসাথে বাজারে প্রাতিষ্ঠানিক সুশাসন এবং জবাবদিহিতা নিশ্চিতে কমিশন প্রতিনিয়ত কাজ করে চলেছে। পুঁজিবাজারের অনিয়ম দূর করতে কমিশন নিয়মিত মনিটরিং, সার্ভেইল্যান্স, রেগুলেটরি কমপ্লায়েন্সসহ বাজারের কারসাজির সাথে জড়িতদের বিরুদ্ধে আইন অনুযায়ী ত্বরিত ব্যবস্থা গ্রহণ করছে।

মুখপাত্র, বিএসইসি এর পক্ষে

২৮.০৯.২০২৪

মো. মোহাইমিনুল হক

জনসংযোগ কর্মকর্তা, বিএসইসি